
তারিখ 17 MAY 2016
পৃষ্ঠা ২ কলাম ২

সমকাল




# জেএমবি সদস্যের স্বীকারোক্তিমূলক জবানবন্দি

■ রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী মুকুল হত্যার ঘটনায় এক জেএমবি সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ। ওই জেএমবি সদস্যের নাম মাসকাওয়াত হাসান সাকিব ওরফে আবদুল্লাহ। গতকাল সোমবার সে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে বলে পুলিশ জানায়।

পুলিশের একটি সূত্র জানায়, রোববার বগুড়া থেকে তাকে গ্রেফতার ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## জেএমবি সদস্যের

[প্রথম পৃষ্ঠার পর]

করা হয়। সে একটি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থী এবং জেএমবির সদস্য। গ্রেফতারের পর সোমবার তাকে রাজশাহীর মুখ্য মহানগর হাকিমের আদালতে পাঠানো হয়। সেখানে শিক্ষক হত্যার ঘটনার সঙ্গে জড়িত থাকার বিষয়ে ১৬৪ ধারায় আদালতে স্বীকারোক্তি দেয় সে।

নগর পুলিশ কমিশনার মো. শামসুদ্দিন গতকাল রাত ৮টায় জানান, এ হত্যার ঘটনায় মাসকাওয়াত হাসান সাকিব নামের একজনকে গ্রেফতার করা হয়েছে। পুলিশের কাছে সে জড়িত থাকার বিষয়ে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। ১৬৪ ধারায় আদালতেও সে জবানবন্দি দিয়েছে। তবে আদালতের কাগজ তিনি হাতে পাননি। মঙ্গলবার দুপুরে তিনি সংবাদ সম্মেলন করে এ বিষয়ে বিস্তারিত জানানো হবে বলে জানান।

গত ২৩ এপ্রিল সকালে নগরীর শালবাগানে গলা কেটে হত্যা করা হয় অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী মুকুলকে।